

FYUG Even Semester Exam., 2025

BENGALI

(2nd Semester)

Course No.: BNGDSC-152

(মধ্যযুগের সাহিত্য পাঠ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোথাথেকে, কত খ্রিস্টাব্দে
আবিষ্কৃত হয়?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটিতে মোট কয়টি খণ্ড আছে?
প্রথম খণ্ডের নাম লেখো।

(গ) কৃষ্ণ ছাড়া 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের যে কোনো দুটি
চরিত্রের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশের বিশেষত্ব
সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে অবলম্বনে শ্রীকৃষ্ণ চরিত্র বিশ্লেষণ
করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) পূর্বরাগের সংজ্ঞা দাও।
 (খ) প্রাক্-চৈতন্যযুগের যে কোনো দুজন পদকর্তার নাম লেখো।
 (গ) ‘সুন ভেল মাদির সুন ভেল নগরী।
 সুন ভেল দশাশি সুন ভেল সগরি ॥’
 পদটি কোন্ পর্যায়ের? এর রচয়িতা কে?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কবিকৃতির পরিচয় দাও।
 (খ) বৈষ্ণব পদাবলীতে ভাবসম্মিলন পর্যায়ের তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) চাঁদমাগরের বাণিজ্যতরীর নাম কি ছিল? তিনি বাণিজ্যতরী নিয়ে কোথায় গিয়েছিলেন?
 (খ) চাঁদমাগরের কোন্ দেবতার উপাসক ছিলেন? তাঁর স্থির নাম কি?
 (গ) কালকেতুর বাবা-মায়ের নাম কি?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘মনসামঙ্গল’ কাব্যের ‘মনসা সমীপে কালিনাগের আগমন’ অধ্যায় অবলম্বনে কালিনাগের লব্ধিদরকে দংশন ও পরবর্তীতে বেহুলার বিলাপ নিজের ভাষায় বর্ণনা করো।
 (খ) ‘চন্দ্রিমঙ্গল’ কাব্যের ‘যুগ্মরার বারোমাস্যা’ শ্লোক অংশে যুগ্মরার চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) কৃত্তিবাস অনুদিত রামায়ণ কি নামে পরিচিত? এটি কয়টি কাণ্ডে বিভক্ত?
 (খ) কৃত্তিবাসী রামায়ণের ‘অযোধ্যাকাণ্ড’-এ ভরতকে রাজ্য করার জন্যে কে, কার সঙ্গে যন্ত্রণা করেছিল?
 (গ) ‘কাঁখেতে দেবন মণি মানিকের সাজ।
 সত্য মারে প্রথমতঃ যান ধর্ম্মরাজ ॥’
 এখানে ‘ধর্ম্মরাজ’ বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কার রাজসভায় উপস্থিত হয়েছিলেন?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) কৃত্তিবাসী রামায়ণের ‘অযোধ্যাকাণ্ড’ অবলম্বনে রামচন্দ্রের রাজপ্রাপ্তিতে যে আনন্দদেবসব হয়েছিল তার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) কাশীরাম দাস তাঁর মহাভারতের বিরাট পর্বে দ্রৌপদীর অপরাধ রূপের যে বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায় আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) রামপ্রসাদ সেনকে কে, কোন্ উপাধিতে ভূষিত করেছিলেন?

(খ) কমলাকান্ত ভট্টাচার্য কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

(গ) 'ওরে নবমী নিশি, না হইও রে অবসান' পদটি কার রচনা? এটি কোন্ পর্যায়ের পদ?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'আগমনী' বলতে কী বোঝ? আগমনী পর্যায়ে বাৎসল্য রসের যে করুণ-মধুর চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(খ) " 'আগমনী' 'বিজয়া' গানের পৌরাণিক পটভূমি থাকলেও এতে আসলে মধ্যবিত্ত বাঙালী জীবনই প্রতিফলিত হয়েছে। "

উক্ত উদ্ধৃতির আলোকে নির্বাচিত পদগুলি অবলম্বনে সমকালীন বাঙালী জীবনের পরিচয় বিবৃত করো।
